## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের নভেম্বর/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ ২৯/১১/২২ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১২.৩০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল অফিস ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, IRIDP-111 প্রকল্পের আওতায় ময়মনসিংহ সদর উপজেলাধীন চুরখাই জামতলা সড়ক ভায়া আকন্দ বাড়ী সড়ক চেই: ০০-২৫৯৪ মি: কাজটি U.D.D Infrastrastructure কর্তৃক চলমান রয়েছে। কিন্তু স্থানীয় সমস্যার কারনে কাজটি ঠিকভাবে বাস্তবায়ন করা যাচ্ছে না। বিশেষ করে চেইঃ ১৭০০-২৩০০ মিটারের মধ্যে সড়কের দুইপাশে জমি নিয়ে স্থানীয় বিরোধের কারনে দুইটি U-drain এবং প্রায় ১০০মিটার পর্যন্ত প্রায় ১০০মিটার সড়ক বাস্তবায়ন না করা গেলে জনগন সড়কটির সুফল হতে বঞ্চিত হবে। এ ব্যাপারে উপজেলা প্রকৌশলী স্থানীয় জনপ্রতিনিধি, উপজেলা প্রশাসন এবং উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। তাঁর বিভাগের অন্যান্য দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে বলে পরিষদকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভাবখালী ইউপি চেয়ারম্যানকে স্থানীয় বিরোধ মিটিয়ে কাজটি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, ভাবখালী ইউপি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল |
| ২ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, বর্তমানে রবি মৌসুমে প্রনোদনা কর্মসূচীর আওতায় সরিষা, গম, ভুট্টা, শীতকালীন পেয়াঁজ, চীনাবাদাম ও মুগ ফসলে বিনামূল্যে কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার বিতরন করা হচ্ছে। এছাড়া বোরো ফসলের জন্য হাইব্রিড জাতের শুধু বীজ এবং উফসী ফসলের বীজ ও সার বিতরন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, **মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র হিসাবে নির্বাচিত ঘাগড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে সপ্তাহে ৭দিন ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা চালু আছে। জনপ্রতিনিধি, সুশীল সমাজের সদস্য, শিক্ষক ও সমাজকর্মীদের মধ্যে এ বিষয়টি ব্যাপক প্রচার করা হচ্ছে। প্রতিষ্ঠানিক প্রসব উৎসাহিত করতে সকলের সহযোগিতা চাওয়া হয় এ কেন্দ্রে পানির ব্যবস্থা নিশ্চিত করতে সাবমারসিবল পাম্প বসানোর বিষয়ে পরিষদের দৃষ্টি আকর্ষন করেন। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ /ও সংশিষ্ট সকল। |
| ৪ | **উপজেলা মৎস্য অফিস ঃ** উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য অফিসার,ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **উপজেলা পরিসংখ্যান অফিস : উপজেলা পরিসংখ্যান অফিস জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন ।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীদের জন্য নিবন্ধন করে দেয়ার জন্য চেয়ারম্যান গনের সহযোগিতা চাওয়া হয়। ৫ম শ্রেনির বৃত্তি পরীক্ষা হবে সকলের সহযোগিতা কামনা করেন। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন ।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,উপজেলা সমাজসেবা কার্যালয় , ময়মনসিংহ সদর, ময়মনসিংহের আওতাধীন ১১টি ইউনিয়নের ২০২২-২০২৩ অর্থ বছরের অনলাইনের ১৫৩৪ টি আবেদনের প্রেক্ষিতে প্রতিবন্ধী ভাতার অতিরিক্ত ১০৯২টি বরাদ্দ প্রদান করা হয়। অধিকতর প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচনের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের আন্তরিক সহযোগিতার জন্য উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর ময়মনসিংহের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। ২০২২-২০২৩ অর্থ বছরের সকল ভাতার ২য় কিস্তির পেরোল আগামী ৬ জানুয়ারি/২৩ইং তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা রয়েছে। নতুন নির্বাচিত ভাতাভোগীরা বাংলাদেশ ব্যাংক হতে অর্থ ছাড়ের পর একত্রে ১ম ও ২য় কিস্তির টাকা তাদের স্ব- স্ব একাউন্ট হতে উওোলন করতে পারবেন। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/সকল ইউপি চেয়ারম্যান ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের আবেদন জমার শেষ তারিখ ছিল ২৫ নভেম্বর/২০২২ সদর উপজেলার জন্য বরাদ্দকৃত ২৪০৬ টি কার্ডের বিপরীতে আবেদন পড়েছে ১১৫৫২ টি। ওয়েব সাইট হতে তালিকা বের করে ওয়ার্ড কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে ইউনিয়ন কমিটির মাধ্যমে তালিকা আগামী ৩০ নভেম্বরের ২০২২ এর মধ্যে উপজেলা কমিটিতে দেওয়ার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় আলোচনান্তে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে আগামী ৩০ নভেম্বরের ২০২২ এর মধ্যে উপজেলা কমিটিতে তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার/সকল ইউপি চেয়ারম্যান ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল। |
| ১০ | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলার ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। এই কর্মসূচীতে নতুন ভোটার নিবন্ধন হয়েছে ৫৭৪৮৭ জন যার অগ্রগতির হার ৮.৮৮% মৃত ভোটার কর্তনের কাজ হয়েছে ৯২৪৩ জন, ভোটার স্থানান্তরের কাজ হয়েছে ৬১৫৫ জন। জাতীয় পরিচয়পত্র সংশোধনের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশান সনদ ও প্রত্যয়নপত্র দেওয়ার সময় অফিসের স্মারক উল্লেখ পূর্বক ভালভাবে যাচাই বাছাই করে দেওয়ার জন্য অনুরোধ করেন। **এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে।** | সভায় আলোচনান্তে জাতীয় পরিচয় পত্র সংশোধনের ক্ষেত্রে ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশন সনদ দেওয়ার সময় অফিসের স্মারক উল্লেক পূর্বক যাচাই বাছাই করে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সকল ইউপি চেয়ারম্যান, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | **ইসলামিক ফাউন্ডেশন ঃ** ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত ময়মনসিংহ সদর উপজেলায় মসজিদ ভিত্তিক শিশু ও গনশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৩২৪টি শিক্ষা কেন্দ্র যথারীতি চলছে। ২০২৩ শিক্ষাবর্ষের জন্য শিক্ষা জরিপ চলছে।<br>সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদকাসক্তি, বাল্যবিবাহ প্রতিরোধ ও অনাবাদী জমিতে চাষাবাদ বিষয়ে জনগনকে সচেতন করার লক্ষ্যে মসজিদের ইমামগন জুমআর নামাজের খুতবার পূর্ব বয়ানে গুরুত্ব সহকারে আলোচনা করেন সেজন্য প্রতিসপ্তাহে ইমাম/ মসজিদের সভাপতি সম্পাদক বরাবর পত্র দেয়া হয়। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | উপজেলা সমবায় অফিস ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় অব্যাহত আছে। নতুন করে ঋণ প্রদানের তালিকা তৈরি করা হচ্ছে। **বর্তমান মাস পর্যন্ত ৫০% সমবায় সমিতির অডিট সম্পাদন করা হয়েছে এবং বাকী সমিতিগুলোর অডিট সম্পাদন অব্যাহত আছে। চলতি মাসে ২০ জন সমবায়ীকে গাভী পালন প্রশিক্ষনের জন্য আঞ্চলিক সমবায় মিলনায়তন, মুক্তাগাছা প্রেরন করা হয়েছে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন ।** | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | উপজেলা বি আর ডি বি অফিস ঃ উপজেলা বি আর ডি বি কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২২ মাসে বিআরডিবি ময়মনসিংহ সদর উপজেলায় কোনবিতরন নাই। চলতি বছরে মোট বিতরন ৫৯.০০ লক্ষ টাকা এবং উক্ত মাসে ঋণ আদয় ৯.০০ লক্ষ টাকা। চলতি বছরে মোট ঋণ আদায় ৩৫.০০ লক্ষ টাকা। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বি আর ডি বি কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৪ | বিবিধ আলোচনা:<br>১। উপজেলা নির্বাহী অফিসার, সভায় বলেন যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন ০৮টি ইউনিয়নে গ্রামপুলিশ মহল্লাদার এর পদ শুন্য থাকায় শুন্য পদ পূরণের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। অন্যান্য সকল কাজে আন্তরিকতার সহিত কাজ সম্পাদন করার জন্য অনুরোধ করা হলো।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, সভায় আরও বলেন যে সিরতা, চরনিলক্ষিয়া, ঘাগড়া, ভাবখালী | সভার বিস্তারিত আলোচনান্তে অতি দ্রুত নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয় ।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে সিরতা, চরনিলক্ষিয়া, ঘাগড়া, | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ/সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়নের জলবদ্ধতা নিশেনের জন্য জরুরী ভিত্তিতে খাল খনন করা প্রয়োজন এবং ময়মনসিংহ সদর উপজেলায় মুক্তিযোদ্ধাদের নামে সড়ক/রাস্তা নামকরণ/সাইনবোর্ড স্থাপন করার জন্য সভায় প্রস্তাব করেন। | ভাবখালী ইউনিয়নের জলবদ্ধতা নিরশনের জন্য খাল খনন করার জন্য এবং মুক্তিযোদ্ধাদের নামে সড়ক/রাস্তা নামকরণ/সাইনবোর্ড স্থাপন করার জন্য সরেজমিনে উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে আগামী সভায় প্রাক্কলনসহ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৫ | ২। সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। সরেজমিনে প্রকলপ পরিদর্শন করে বিল ছাড় করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় আরও বলেন যে, অত্র উপজেলা নব যোগদানকৃত উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে ধন্যবাদ জানান সেই সাথে তার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | আলোচনান্তে নীতিমালা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা সকল অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ |
| ১৬ | উপজেলা পরিষদেও নিজস্ব তহবিলেনিম্নলিখিত প্রকল্পসমূহ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (রাজস্ব/ উন্নয়ন)ঃ<br>বিবিধ ঃ (উন্নয়ন তহবিল)<br>০১। কালিকাপুর সদর মিস্ত্রি বাড়ীর সামনে ইউড্রেইন নির্মান এবং একই রাস্তায় টুটুলের বাড়ীর সামনে ইউড্রেন নির্মাণ (পিআইসি)।<br>০২। আজাহারুল ইসলাম, পিতা- মো. চাঁন মিয়া, সাং- সিরতা, নয়াপাড়া, ময়মনসিংহ মাইক ক্রয় বাবদ ২৫০০০/-(পঁচিশ হাজার) টাকা।<br>উপরোক্ত প্রকল্পসমূহ নীতিমালা মোতাবেক দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার আহবান জানান। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে,অত্র উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত পিআইসি/টেন্ডার দ্রুত রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ/ উপজেলা প্রকৌশলী সদর, ময়মনসিংহ। |

পরিশেষে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২২-৮০৫ (৫০)
তারিখ-২৯/১১/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৭। উপজেলা.........................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৮। জনাব.......................চেয়ারম্যান......................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৯। জনাব..................................................................................................
১০। অফিস কপি।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।